# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 29 May, 2025

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের উৎসব ভাতা বাড়ানো হলেও, একই প্রতিষ্ঠানের কর্মচারীদের ভাতা না বাড়ানোয় চরম অসন্তোষ বিরাজ করছে কর্মচারীদের মধ্যে।এই বৈষম্যের প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে শেরপুরের ঝিনাইগাতী উপজেলার আহমদ নগর উচ্চ বিদ্যালয়ের কর্মচারীরা আজ বৃহস্পতিবার পূর্ণ দিবস কর্মবিরতি পালন করেছেন।

কর্মবিরতিতে অংশ নেওয়া কর্মচারীরা জানান, শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম সচল রাখতে তারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।অথচ উৎসব বোনাসের মতো মৌলিক সুবিধা থেকে কর্মচারীদের বঞ্চিত করা হচ্ছে, যা সম্পূর্ণ অযৌক্তিক ও বৈষম্যমূলক।

তারা বলেন, "শিক্ষক-কর্মচারী সবাই একত্রে কাজ করি, কিন্তু সুযোগ-সুবিধায় এত বৈষম্য কেন? সরকার যদি শিক্ষকদের উৎসব ভাতা বাড়াতে পারে, তাহলে কর্মচারীদের কেন নয়?"

এ সময় তারা অবিলম্বে কর্মচারীদের উৎসব ভাতা বৃদ্ধির দাবি জানান এবং তা বাস্তবায়ন না হলে ভবিষ্যতে আরও কঠোর কর্মসূচি ঘোষণার হুঁশিয়ারি দেন।

সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃপক্ষ এ বিষয়ে সরাসরি কোনো মন্তব্য না করলেও কর্মবিরতির কারণে শিক্ষা কার্যক্রমে ব্যাঘাত ঘটে বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, সারা দেশের মতো শেরপুর জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানেও কর্মচারীরা কেন্দ্রীয় কর্মসূচির আওতায় একই দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছেন।

আহমদ নগর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:06

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/7758073091